বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
৫, কাওরান বাজার, ঢাকা
www.brdb-iresppw.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০৪৫.২২- ৯৭৪ তারিখ: ১৮ মে ২০২৩ খ্রিস্টাব্দ / ০৪ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর নিজস্ব ব্যবস্থাপনায় পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি (ইরেসপো) এর বিভিন্ন ক্যাটাগরির শূন্য পদ পূরণসহ প্যানেল তৈরীর নিমিত্ত বিতরণকৃত ঋণের অর্জিত সেবামূল্য হতে বেতন-ভাতা পরিশোধের শর্তে অস্থায়ী ভিত্তিতে কর্মসূচির মেয়াদকালীন জনবল নিয়োগ করা হবে। বাংলাদেশের প্রকৃত/স্থায়ী নাগরিকদের মধ্যে যারা চ্যালেঞ্জ নিয়ে গ্রামীণ জনগোষ্ঠির দারিদ্র বিমোচন ও কর্মসংস্থান সৃষ্টিতে ভূমিকা রাখতে আগ্রহী, সে সকল আগ্রহী যোগ্য প্রার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত পদসমূহে নিম্নোক্ত শর্তে **http://iresppw.teletalk.com.bd** ওয়েবসাইটে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে (online) আবেদন আহবান করা হচ্ছে। অনলাইন (online) ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক | পদের নাম | গ্রেড ও বেতন স্কেল | পদ সংখ্যা | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সব জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (কর্মসূচি) | গ্রেড-১০ (সাকুল্য বেতন) | ১২ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে কমপক্ষে ২য় বিভাগে স্নাতক(সম্মান)/স্নাতকোত্তর অথবা সমমানের ডিগ্রী। | যশোর, ঝিনাইদহ, মেহেরপুর, চুয়াডাঙ্গা, নড়াইল, মাগুরা, খুলনা, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, বাগেরহাট, সাতক্ষীরা, ভোলা, বরগুনা, পটুয়াখালী, রংপুর এবং নোয়াখালী। |
| ০২ | হিসাবরক্ষক (কর্মসূচি) | গ্রেড-১১ (সাকুল্য বেতন) | ০২ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে কমপক্ষে ২য় বিভাগে স্নাতক অথবা সমমানের ডিগ্রী । কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। | |
| ০৩ | হিসাব সহকারী (কর্মসূচি) | গ্রেড-১৪ (সাকুল্য বেতন) | ০৭ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে কমপক্ষে ২য় বিভাগে স্নাতক অথবা সমমানের ডিগ্রী। কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। | |
| ০৪ | মাঠ সংগঠক (কর্মসূচি) | গ্রেড-১৪ (সাকুল্য বেতন) | ১৫ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে ২য় বিভাগে স্নাতক অথবা সমমানের ডিগ্রী। | |

**শর্ত ও নিয়মাবলী:**

০১. নিয়োগকৃত পদসমূহে বেতন-ভাতাদি বিতরণকৃত ঋণের আদায়কৃত সেবামূল্যসহ অন্যান্য অর্জিত আয় হতে কর্মসূচি'র নীতিমালা অনুযায়ী পরিশোধযোগ্য হবে ।

০২. সকল পদে প্রার্থীর সর্বোচ্চ বয়স ২৪/০৫/২০২৩ খ্রি. তারিখে ৩৫ বছর এবং সর্বনিম্ন বয়স ১৮ বছর হতে হবে। বয়স সম্পর্কিত কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৩. অনলাইনে আবেদনপত্র পূরণ এবং পরীক্ষার ফি জমাদান পদ্ধতি:

ক. আবেদন **http://iresppw.teletalk.com.bd** ওয়েব সাইটে সরাসরি দাখিল করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online এ আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৪/০৫/২০২৩ খ্রি, সকাল ১০.০০ ঘটিকা।

(ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৬/০৭/২০২৩ খ্রি, বিকাল ০৫.০০ ঘটিকা।

(iii) আবেদনপত্র জমাদানের শেষ তারিখ অর্থাৎ ০৬/০৭/২০২৩খ্রি, বিকাল ০৫.০০ টার মধ্যে কেবল User ID প্রাপ্ত প্রার্থীর উক্ত সময়ের পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে বিজ্ঞপ্তিতে বর্ণিত নির্ধারিত পদ্ধতি অনুসরণ করে পরীক্ষার ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

(iv) শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে পর্যাপ্ত সময় নিয়ে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে প্রার্থীগণকে পরামর্শ প্রদান করা হচ্ছে।

খ. Online এ আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৮০ Pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন প্রেরণ করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সর্ম্পূণ কালো/ সর্ম্পূণ সাদা/ঘোলা ) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy -তে একটি User ID থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk pre-paid মোবাইল নম্বর হতে ০২ (দুই) টি SMS এর মাধ্যমে উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে। উক্ত User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে দুটি SMS করে নিয়োগ বিজ্ঞপ্তির ক্রমিক ০১ এ বর্ণিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০০ টাকা এবং অনলাইন ফি বা Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৫৬ টাকা সহ অফরেতযোগ্য সর্বমোট ৫৫৬ টাকা, ক্রমিক ০২ এ বর্ণিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৪০০ টাকা এবং অনলাইন ফি বা Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৪৫ টাকা সহ অফরেতযোগ্য সর্বমোট ৪৪৫ টাকা এবং ক্রমিক ০৩-০৪ এ বর্ণিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৩০০ টাকা এবং অনলাইন ফি বা Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৩৪ টাকা সহ অফরেতযোগ্য সর্বমোট ৩৩৪ টাকা। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online এ আবেদনপত্র কোন অবস্থায় গৃহীত হবে না।

প্রথম SMS: **IRESPPW**<Space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

দ্বিতীয় SMS: **IRESPPW**<Space>**Yes**<Space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি www.iresppw-brdb.gov.bd এবং http://iresppw.teletalk.com.bd এই ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধুমাত্র Teletalk pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে:
IRESPPW<space>**Help**<space>**User**<space>**User** ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: IRESPPW Help User ABCDEF & Send to 16222.

ii) PIN Number জানা থাকলে:
IRESPPW<space>**Help**<space>PIN<space>PIN No. লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: IRESPPW Help PIN 1234567 & Send to 16222

ঝ. বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (www.brdb.gov.bd) ও ইরেসপো কর্মসূচি'র (www.iresppw-brdb.gov.bd) ওয়েবসাইটে নিয়োগ পরীক্ষা এর বিজ্ঞপ্তি, Online আবেদনপত্র পূরণের নিয়মাবলী, SMS এ পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলীসহ পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি পাওয়া যাবে।

ঞ. অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ট. Online আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ এ কল করে প্রয়োজনীয় সহযোগিতা নেয়া যাবে। এ ছাড়াও alljobs.query@teletalk.com.bd এবং **pdiresppw@gmail.com** এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Malil এর Subject-এ Organization Name: iresppw, Post Name:*****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

০৪. বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন/বাস্তবায়িত প্রকল্প/কর্মসূচি/ইউসিসিএ'তে কর্মরত কর্মচারীগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে পারবেন; তবে প্রার্থীদের দাপ্তরিক তথ্য যাচাই করে প্রার্থীতা নিশ্চিত করা হবে। এক্ষেত্রে তাঁরা চূড়ান্তভাবে নির্বাচিত হয়ে নিয়োগ প্রাপ্ত হলে তাদের প্রকল্প/কর্মসূচি/ইউসিসিএ'র চাকরিকাল গণনায় আসবে না।

০৫. বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে, যা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হবে।

০৬. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা সনদ (যদি থাকে), যথাযথ কর্তৃপক্ষের অনুমতি পত্র (প্রযোজ্য ক্ষেত্রে), অনলাইনে আবেদনের প্রিন্টেড কপি ও অন্যান্য সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

০৭. প্রাপ্ত আবেদন প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদের লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার জন্য বিআরডিবি'র ওয়েবসাইট www.brdb.gov.bd ও www.iresppw-brdb.gov.bd এবং এসএমএস এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) মোবাইল নম্বরে যথাসময়ে জানানো হবে। । নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ দেওয়া হবে না।

০৮. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও www.brdb.gov.bd ও www.iresppw-brdb.gov.bd ওয়েবসাইটে এবং http://iresppw.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

০৯. ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্ব করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১০. আবেদনের সময় নামের বানান সতর্কতার সাথে শিক্ষা সনদের সাথে মিলিয়ে লিখতে হবে, শিক্ষা সনদে উল্লিখিত নামের বানানের বাইরে পদবি/মৃত ইত্যাদি লিখা যাবে না। স্থায়ী ঠিকানা সঠিকভাবে লিখতে হবে। অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ের বা নিয়োগদানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন বা নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে। এছাড়া নিয়োগের পূর্বে ডোপ টেস্ট করা হবে। ডোপ টেস্টে কাউকে মাদকাসক্ত পাওয়া গেলে তাঁর দরখাস্ত/নির্বাচন বাতিল বলে গণ্য হবে।

১১. নিয়োগ ও প্যানেল তৈরির জন্য সংশ্লিষ্ট বিভাগের যোগ্য প্রার্থীদের মধ্য হতে বিভাগওয়ারী মেধা তালিকা প্রস্তুত এবং সে আলোকে সংশ্লিষ্ট বিভাগের শূন্য পদে নিয়োগ প্রদান করা হবে।

১২. নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। অনিবার্য কারণে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৮/০৫/২৫

মুহাম্মদ মাহবুব আলম
উপ-কর্মসূচি পরিচালক (প্রশাসন ও অর্থ)
ইরেসপো কর্মসূচি, বিআরডিবি